

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ,
১৬, আবদুল গণি রোড, ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.৯৬৫০ (৭)

তারিখ : ২৩/০৮/২০১৯ ইং


বিষয় : চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-২০১৯ এর আওতায় ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

সূত্র : ১। সংগ্রহ বিভাগের স্মারক নং- ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.১০৫৬(৭), তারিখ-২০/০৫/২০১৯ইং।
২। সংগ্রহ বিভাগের স্মারক নং- ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.১৪১০(৭), তারিখ-০৩/০৭/২০১৯ইং।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-২০১৯ এর মেয়াদ ৩১/০৮/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত নির্ধারিত রয়েছে। চলতি অর্থ বছরে বোরো ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ৪,০০,০০০ (চার লাখ) মেঃটন নির্ধারিত আছে। গত ১৯/০৮/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে সারা দেশে ২,৯৯,৯৯১ (দুই লাখ নিরানব্বই হাজার নয়শত একানব্বই) মেঃটন ধান সংগৃহীত হয়েছে। যার বিভাগ ভিত্তিক পরিমাণ নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	লক্ষ্যমাত্রা (মেঃটন)	সংগৃহীত পরিমাণ (মেঃটন)
		ধান	ধান
০১।	রাজশাহী	৭০৯৭১	৫৩,৯৫৮
০২।	রংপুর	৬২৪৯১	৪৮,৫০৩
০৩।	ঢাকা	১১৭৬৬৪	৮৫,৩৯০
০৪।	খুলনা	৫১২৫৮	৪০,৫৫১
০৫।	চট্টগ্রাম	৪৭৪২৪	৩৯,২৯৮
০৬।	সিলেট	৩৬৮০৭	২২,৯০২
০৭।	বরিশাল	১৩৩৮৫	৯,৩৮৯
মোট =		৪,০০,০০০	২,৯৯,৯৯১

সূত্রস্থ স্মারকে ধান সংগ্রহের গতি তরাশিত করার জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। অদ্যাবধি ৪,০০,০০০ (চার লাখ) মেঃটন ধানের লক্ষ্যমাত্রার বিপরীতে ২,৯৯,৯৯১ (দুই লাখ নিরানব্বই হাজার নয়শত একানব্বই) মেঃটন ধান সংগৃহীত হয়েছে। লক্ষ্যমাত্রার বিপরীতে সারা দেশে এখনো ১,০০,০০৯ (এক লাখ নয়) মেঃটন ধান সংগ্রহের অপেক্ষায় রয়েছে। লক্ষ্যমাত্রার বিপরীতে সংগ্রহের অবশিষ্ট ১,০০,০০৯ (এক লাখ নয়) মেঃটন ধান সংগ্রহের নির্ধারিত মেয়াদ ৩১/০৮/২০১৯ খ্রি: তারিখের মধ্যে সংগ্রহ নিশ্চিত করতে হবে। এখানে উল্লেখ্য যে, স্ব স্ব বিভাগের অন্তর্ভুক্ত জেলাসমূহের উপজেলা/এলএসডিতে নির্ধারিত ধানের শতভাগ লক্ষ্যমাত্রা সংগ্রহের নির্ধারিত সময়সীমার মধ্যে অর্জনের সম্ভাবনা না থাকে, তাহলে উক্ত পরিমাণ ধান অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮(খ) অনুচ্ছেদের আলোকে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে আন্তঃউপজেলা সমন্বয়ের মাধ্যমে ধানের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।


২০/০৮/১৯

প্রাপক : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
রাজশাহী/রংপুর/ঢাকা/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল।

(ড. মোহাম্মদ নাজমানারা খানুম)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-৯৫৮৪৮৩৪।